

একই নম্বর ও তারিখের আদেশের স্থলাভিষিক্ত হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
শৃঙ্খলা অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

২২ শ্রাবণ, ১৪২৬

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৫.২০১৯-৪৪৫

তারিখঃ

০৫.০৮.২০১৯

আদেশ

যেহেতু, ডাঃ সেলিনা আক্তার (১৩১৫৮৪), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা সংযুক্তঃ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সদর, জামালপুর গত ১৪/১১/২০১৪ হতে ২৩/০৩/২০১৯ তারিখ পর্যন্ত মোট ৪ বছর ৪ মাস ৯ দিন কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত ছিলেন বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে ৩০.০৪.২০১৯ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৫.২০১৯-৩০৫ নং স্মারকে বিভাগীয় মামলা বুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর আবেদন করেন;

যেহেতু, গত ১০.০৭.২০১৯ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডাঃ সেলিনা আক্তার (১৩১৫৮৪) ব্যক্তিগত শুনানীতে সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ জন্য তিনি দস্ত পাওয়ার যোগ্য;

সেহেতু, ডাঃ সেলিনা আক্তার (১৩১৫৮৪), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা সংযুক্তঃ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সদর, জামালপুর এর সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয়াদি বিবেচনায় উক্ত বিধিমালার ৪(২)(খ) বিধি অনুযায়ী তার ৩ (তিন)টি বাৎসরিক বেতন বৃদ্ধি আগামী ৩ বছরের জন্য স্থগিত করার লঘু দস্ত আরোপ করা হলো এবং বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো। তাঁর বিভাগীয় মামলার প্রয়োজনে স্বাস্থ্য অধিদপ্তরে যোগদানের (তারিখ ২৪/০৩/২০১৯) তারিখ হতে পুনরায় কর্মস্থলে যোগদানের তারিখ পর্যন্ত সময়কে কর্মকাল হিসেবে গণ্য করা হলো। তার গত ১৪/১১/২০১৪ হতে ২৩/০৩/২০১৯ তারিখ পর্যন্ত মোট ৪ বছর ৪ মাস ৯ দিন কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতির সময়কাল বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে গণ্য করা হল। তিনি ভবিষ্যতে কোন বকেয়া প্রাপ্য সুবিধা দাবি করতে পারবেন না।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/-

তারিখঃ ০৫/০৮/২০১৯

(শেখ মুজিবুর রহমান)

অতিরিক্ত সচিব


(অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা অনুবিভাগ)

তারিখঃ ০৫.০৮.২০১৯

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৫.২০১৯-৪৪৫/১(১০)

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস এর কম্পিউটার ও ডাটা সিটে সংরক্ষণ করার জন্য)।
- ৩। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। [পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শৃঙ্খলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো]
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। সিভিল সার্জন, জামালপুর।
- ৭। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, জামালপুর।
- ৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর, জামালপুর।
- ৯। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, সদর, জামালপুর।
- ১০। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ১১। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১২। ডাঃ সেলিনা আক্তার (১৩১৫৮৪), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা, সংযুক্তঃ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সদর, জামালপুর। (স্থায়ী ঠিকানাঃ গ্রাম-নলকুড়ি, পোঃ ঘোড়াধাপ, উপজেলা ও জেলা- জামালপুর)।
- ১৩। অফিস কপি।



মোঃ আবদুদুহ সালাম

উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

[disc@hds.gov.bd](mailto:disc@hds.gov.bd)